স্মারক নং- পদ/পক/এইচ আর এন্ড এডমিন/২০২২/৫৩৮৬ তারিখঃ ২১/১২/২০২২ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

**বিষয়ঃ সংস্থার অফিস ব্যবস্থাপনার আওতাভুক্ত গেস্ট রুমের / ডরমেটরীর ভাড়া পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্রঃ ১) বাড়ি ভাড়া নির্দেশিকা-২০১৩, ফেব্রুয়ারি,২০১৩ ইং।
২) স্মারক নং/পদ/পক/এইচ আর এন্ড এডমিন/২০২০/২৩৮২, তারিখঃ ১৬/০৮/২০২০ খ্রিঃ

সংস্থা কর্তৃক পরিচালিত সকল কার্যক্রম (প্রোগ্রাম / প্রকল্প) সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে সার্বক্ষণিক নিবিড় তদারকী, মনিটরিং ও নিরীক্ষা করা একান্ত প্রয়োজন, যা বাস্তবায়ন নিশ্চিত করতে প্রায়শই বিভিন্ন কার্যালয়ে ভ্রমণ করতে হয় এবং রাত্রিযাপন করতে হয়। উক্ত রত্রিযাপন নিরাপদ ও স্বাচ্ছন্দময় করার জন্য প্রতিটি ব্রাঞ্চ / অফিসের গেস্ট রুম বা আবাসন ব্যবস্থা রয়েছে। ১ নং সূত্রে বর্ণিত বাড়ি ভাড়া নির্দেশিকার ৭.২ ধারা অনুযায়ী সাধারণ ব্রাঞ্চের এবং ২ নং সূত্রে বর্ণিত অফিস সার্কুলার এর আলোকে পর্যটন ব্রাঞ্চের গেস্ট রুমের ভাড়া পরিশোধ করার নিয়ম চলমান রয়েছে। সম্প্রতি **"ভ্রমণ সংক্রান্ত নির্দেশিকা-তৃতীয় সংস্করণ-২০২২"** প্রনীত হওয়ায় বর্তমানে উক্ত গেস্ট রুমের ভাড়া যুগোপযোগী করার লক্ষ্যে "বাড়ি ভাড়া নির্দেশিকা-২০১৩" এর ৭.২ নং ধারা সংশোধন এবং পর্যটন ব্রাঞ্চ এর গেস্ট রুমের ভাড়া পুনঃনির্ধারণ করা হলোঃ-

<table>
<tr><th>বিষয়</th><th>বর্তমান নির্দেশনা</th><th>সংশোধিত নির্দেশনা</th></tr>
<tr>
<td>১. বাড়ি ভাড়া নির্দেশিকা-২০১৩ এর ৭.২ ধারার গেস্ট রুম ভাড়া সংক্রান্ত</td>
<td>
<table>
<tr><th>অবস্থানকারীর ধরণ</th><th>সময়</th><th>একক ভাড়া</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>অফিসার লেভেল পর্যন্ত</td><td>২৪ ঘন্টা</td><td>৪০/-</td><td></td></tr>
<tr><td>সহঃ ব্যবস্থাপক পর্যন্ত</td><td>২৪ ঘন্টা</td><td>৬০/-</td><td></td></tr>
<tr><td>সহকারী ব্যবস্থাপক এর উর্দ্ধে</td><td>২৪ ঘন্টা</td><td>১০০/-</td><td></td></tr>
<tr><td>বাহিরের গেস্ট</td><td>২৪ ঘন্টা</td><td>১৫০/-</td><td>এলাকা ভেদে ২৫০/- টাকা</td></tr>
</table>
</td>
<td>
<table>
<tr><th>অবস্থানকারীর ধরণ</th><th>সময়</th><th>একক ভাড়া</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>কমিউনিটি ম্যানেজার / টেকনিক্যাল স্টাফ (ড্রাইভার ও অন্যান্য) গ্রেড-১২ থেকে নির্বাহী পরিচালক গ্রেড-১ পর্যন্ত</td><td rowspan="2">২৪ ঘন্টা/ রাত্রি যাপন</td><td>"ভ্রমণ সংক্রান্ত নির্দেশিকা-তৃতীয় সংস্করণ-২০২২" এর আলোকে প্রাপ্ত দৈনিক ভাতার ২০% অর্থ গেস্ট রুম / ডরমেটরী ভাড়া হিসেবে প্রদান করতে হবে।</td><td></td></tr>
<tr><td>বাহিরের গেস্ট</td><td>অপরিবর্তিত</td><td></td></tr>
</table>
</td>
</tr>
<tr>
<td>২. পর্যটন ব্রাঞ্চের গেস্ট রুম ভাড়া সংক্রান্ত</td>
<td>
<u>২.১.ভি. আই.পি রুম ভাড়াঃ-</u><br><br>
২.১.১ পদক্ষেপে কর্মরত কোন চাকুরে দাপ্তরিক কাজে ভ্রমণকালীন সময় পর্যটন ব্রাঞ্চের জন্য নির্ধারিত ভি.আই.পি গেস্ট রুমে অবস্থান করলে প্রতি রাতের জন্য জনপ্রতি ৩০০/- টাকা করে রুম ভাড়া প্রদান করতে হবে, সেক্ষেত্রে সর্বোচ্চ ২ জন অবস্থান করতে পারবে।<br><br>
২.১.২ পদক্ষেপে কর্মরত কোন চাকুরে ব্যক্তিগত কাজে ভ্রমণকালীন সময় পর্যটন ব্রাঞ্চের জন্য নির্ধারিত ভি.আই.পি গেস্ট রুমে অবস্থান করলে প্রতি রাতের জন্য জনপ্রতি ৬০০/- টাকা করে রুম ভাড়া প্রদান করতে হবে, সেক্ষেত্রে সর্বোচ্চ ২ জন অবস্থান করতে পারবে।<br><br>
২.১.৩ বহিরাগত অতিথি অর্থাৎ সংস্থায় কর্মরত নন এমন ব্যক্তি ভি.আই.পি গেস্ট রুমে অবস্থান করলে প্রতি রাতের জন্য জনপ্রতি ১,০০০/- টাকা করে রুম ভাড়া প্রদান করতে হবে, সেক্ষেত্রে সর্বোচ্চ ২ জন অবস্থান করতে পারবে।
</td>
<td>
<u>২.১ ভি. আই.পি রুম ভাড়াঃ-</u><br><br>
২.১.১ পদক্ষেপে কর্মরত কোন চাকুরে দাপ্তরিক কাজে ভ্রমণকালীন সময় পর্যটন ব্রাঞ্চের জন্য নির্ধারিত ভি.আই.পি গেস্ট রুমে অবস্থান করলে প্রতি রাতের জন্য জনপ্রতি "ভ্রমণ সংক্রান্ত নির্দেশিকা-তৃতীয় সংস্করণ-২০২২" এর আলোকে প্রাপ্ত দৈনিক ভাতার ৩০% বা ৩০০/- টাকা (যেটি বেশি) প্রদান করতে হবে। সেক্ষেত্রে সর্বোচ্চ ২ জন অবস্থান করতে পারবে।<br><br>
২.১.২ অপরিবর্তিত।<br><br>
২.১.৩ অপরিবর্তিত।
</td>
</tr>
</table>

পদক্ষেপ
Padakhep Manabik Unnayan Kendra
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabar, Dhaka-1207
সম্ভাবনার ক্ষমতায়নে সাম্যে গড়া টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে | Empowering potentials for equitable and sustainable future since 1986

| বিষয় | বর্তমান নির্দেশনা | সংশোধিত নির্দেশনা |
|---|---|---|
| | **২.২ সেমি ভি.আই.পি রুম ভাড়াঃ-**<br>২.২.১ পদক্ষেপে কর্মরত কোন চাকুরে **দাপ্তরিক কাজে ভ্রমণকালীন সময়** পর্যটন ব্রাঞ্চের জন্য নির্ধারিত সেমি ভি.আই.পি গেস্ট রুমে অবস্থান করলে প্রতি রাতের জন্য জনপ্রতি ১০০/- টাকা করে রুম ভাড়া প্রদান করতে হবে, সেক্ষেত্রে সর্বোচ্চ ৩ জন অবস্থান করতে পারবে। | **২.২ সেমি ভি.আই.পি রুম ভাড়াঃ-**<br>২.২.১ পদক্ষেপে কর্মরত কোন চাকুরে **দাপ্তরিক কাজে ভ্রমণকালীন সময়** পর্যটন ব্রাঞ্চের জন্য নির্ধারিত সেমি ভি.আই.পি গেস্ট রুমে অবস্থান করলে প্রতি রাতের জন্য জনপ্রতি **"ভ্রমণ সংক্রান্ত নির্দেশিকা-তৃতীয় সংস্করণ-২০২২"** এর আলোকে প্রাপ্ত দৈনিক ভাতার ২৫% বা ১০০/- টাকা (যেটি বেশি) প্রদান করতে হবে। সেক্ষেত্রে সর্বোচ্চ ৩ জন অবস্থান করতে পারবে। |
| | ২.২.২ পদক্ষেপে কর্মরত কর্মী/কর্মকর্তাগণ **ব্যক্তিগত কাজে ভ্রমণকালীন সময়** পর্যটন ব্রাঞ্চের জন্য নির্ধারিত সেমি ভি.আই.পি গেস্ট রুমে অবস্থান করলে প্রতি রাতের জন্য জনপ্রতি ২০০/- টাকা করে রুম ভাড়া প্রদান করতে হবে, সেক্ষেত্রে সর্বোচ্চ ৩ জন অবস্থান করতে পারবে। | **২.২.২ অপরিবর্তিত।** |
| | ২.২.৩ বহিরাগত অতিথি অর্থাৎ সংস্থায় কর্মরত নন এমন ব্যক্তি সেমি ভি.আই.পি গেস্ট রুমে অবস্থান করলে প্রতি রাতের জন্য ১,০০০/- টাকা করে রুম ভাড়া প্রদান করতে হবে, সেক্ষেত্রে সর্বোচ্চ ৩ জন অবস্থান করতে পারবে। | **২.২.৩ অপরিবর্তিত।** |

**অত্র সংশোধনী অফিস আদেশ জারীর তারিখ থেকে কার্যকর বলে বিবেচিত হবে। "বাড়ি ভাড়া নির্দেশিকা-২০১৩" এবং পর্যটন ব্রাঞ্চ সংক্রান্ত ২ নং সূত্রের আলোকে বর্ণিত নির্দেশনার অন্যান্য সকল ধারা উপধারায় বর্ণিত নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।**

(মোঃ সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক

**অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ-**

১ প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।

**অনুলিপি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ই-মেইলের মাধ্যমে প্রেরিত)ঃ-**

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. সকল প্রোগ্রাম/বিভাগ/প্রকল্প/ইউনিট/সেল/ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৩. সিনিয়র সহকারী পরিচালক ও সার্বিক তত্ত্বাবধায়ক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় **(অত্র অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।**
৪. সকল সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার / সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার / ব্রাঞ্চ ম্যানেজার ও অন্যান্য সকল অফিস প্রধান, পদক্ষেপ।
৫. সংস্থার সকল পর্যায়ে কর্মরত কর্মীবৃন্দ ।
৬. অফিস কপি।